সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং ১০৬৯

তারিখ ১২/০৮/২৬

**রেজিস্টার্ড এ/ডি সহযোগে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২৪-৯৮৩

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩৩ / ১০ আগস্ট, ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব পংকজ ভৌমিক (পরিচিতি নং-৬০২২০৯), নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ, সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া সড়ক বিভাগ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের গত ০৭-০৩-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২৪-৯৯ সংখ্যক স্মারকে ০৬/২০২৪ নং বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্ত বোর্ড কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, জনাব পংকজ ভৌমিক (পরিচিতি নং-৬০২২০৯), নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ, সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা তার স্বপক্ষে জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছেন;

সেহেতু, জনাব পংকজ ভৌমিক (পরিচিতি নং-৬০২২০৯), নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ, সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা এর অভিযোগনামা, অভিযোগবিবরণী, কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন এবং নথি পর্যালোচনাসহ সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় (নং-০৬/২০২৪) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী আনীত 'অসদাচারণ' এর দায় হতে ভবিষ্যতের জন্য সতর্ককরতঃ অব্যাহতি প্রদান ও সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসেবে গণ্য করা হবে এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১০.০৮.২০২৬

(ড. মোহাম্মদ জিয়াউল হক)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২৪-৯৮৩

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩৩ / ১০ আগস্ট, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা